

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০১ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১৬ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৮.২৫৫—কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ ‘বিশেষ ব্যাচের’ কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ আগস্ট ২০১৮ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন।

২। সরকারি কর্মকর্তা হিসাবে সুদীর্ঘ ৩৫ বছর দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়, সুস্থান্ত্র ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ২৯ শ্রাবণ ১৪২৫/ ১৩ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১০৫২৭ )  
মূল্য : টাকা ৪০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

২৯ শ্রাবণ ১৪২৫

ঢাকা: -----

১৩ অগস্ট ২০১৮

কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঙ্গেন্টুদ্দীন আবদুল্লাহ্ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ ‘বিশেষ ব্যাচের’ কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ আগস্ট ২০১৮ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তিনি উপজেলা ও জেলা পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। ঢাকা বিভাগীয় কমিশনার হিসাবে তিনি সমর্থিক সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব মোহাম্মদ মঙ্গেন্টুদ্দীন আবদুল্লাহ্ ২০১২ সালে শিল্প মন্ত্রণালয়ের সচিব পদে নিযুক্ত হন। পরে তিনি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব হিসাবেও দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি ০৮ মার্চ ২০১৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব পদে যোগদান করেন এবং গত ১৩ জুলাই ২০১৭ তারিখে সিনিয়র সচিব পদে পদোন্নতি পেয়ে অদ্যাবধি একই মন্ত্রণালয়ে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

জনাব মোহাম্মদ মঙ্গেন্টুদ্দীন আবদুল্লাহ্’র কর্মজীবন দক্ষতা, সততা ও নিষ্ঠার এক উজ্জ্বল অধ্যায়। তিনি শিল্প ও কৃষি মন্ত্রণালয়ের কার্যক্রমে গুণগত পরিবর্তন আনয়নে উদ্যোগী ভূমিকা রেখেছেন। তাঁর সৃজনশীলতা ও কর্তব্যপ্রায়ণতা পরবর্তী প্রজন্মের কর্মকর্তাদের জন্য অনুপ্রেরণার উৎস হিসাবে থেকে যাবে।

জনাব মোহাম্মদ মঙ্গেন্টুদ্দীন আবদুল্লাহ্ সরকারি দায়িত্ব পালনের সময় পদাধিকারবলে বহু সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠনের সঙ্গে যুক্ত থেকে দেশের ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অবদান রেখেছেন। তিনি বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের মহাসচিব ছিলেন এবং বর্তমানে তিনি উক্ত এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্য হিসাবে দায়িত্ব পালন করছেন।

সরকারি কর্মকর্তা হিসাবে সুদীর্ঘ ৩৫ বছর দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা জনাব মোহাম্মদ মঙ্গেন্টুদ্দীন আবদুল্লাহ্-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে। মন্ত্রিসভা জনাব মোহাম্মদ মঙ্গেন্টুদ্দীন আবদুল্লাহ্ ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়, সুস্থান্ত্র ও সুন্দর জীবন কামনা করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)